"ছেলে হোক, মেয়ে হোক,
দু'টি সন্তানই যথেষ্ট"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
৬ কাওরান বাজার, ঢাকা-১২১৫।

স্মারক নং পপ/প্রশা-১/বিবিধ-৩০৩/২২০৫

তারিখ : ১৬ শ্রাবণ ১৪২৬
৩১ জুলাই ২০১৯

বিষয়ঃ ডেঙ্গু নিয়ন্ত্রণ বিষয়ে ২৯ জুলাই, ২০১৯ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন ।

সূত্র : স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের স্মারক নং ৫৯.০০.০০০০.১০৪.৯৯.০১২.১৯-৮০৮, তারিখ : ৩০/০৭/২০১৯।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ডেঙ্গু নিয়ন্ত্রণ বিষয়ে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়ের ২৯ জুলাই ২০১৯ তারিখে অনুষ্ঠিত সভার গৃহিত ১ নং সিদ্ধান্ত বাস্তবায়ন এবং ২ নং সিদ্ধন্তের কার্যক্রমসমূহ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার সাথে সমন্বয় করে বাস্তবায়ন নিশ্চিত এবং মনিটরিং টিমকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করা হলো (সংযুক্ত)।

২। এমতাবস্থায়, পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন মা ও শিশু স্বাস্থ্য কার্যক্রমে নিয়োজিত সকল চিকিৎসক, নার্স, উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসার, ফার্মাসিস্ট, পরিবার কল্যাণ পরিদর্শিকা এবং অন্যান্য কর্মকর্তা-কর্মচারিদের পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত ছুটি বাতিলপূর্বক কর্মস্থল ত্যাগ না করার জন্য নির্দেশ দেয়া হলো।

মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে ।

সংযুক্তি : বর্ণনামতে ০৫ (পাঁচ) পাতা।

৩১/৭/১৯
(মোঃ হেমায়েৎ হুসেন)
যুগ্মসচিব
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
ও
পরিচালক (প্রশাসন)
ফোন : ৯১৪৬১২৮।

স্মারক নং পপ/প্রশা-১/বিবিধ-৩০৩/২২০৫/১(২০০)

তারিখ : ১৬ শ্রাবণ ১৪২৬
৩১ জুলাই ২০১৯

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :

১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। পরিচালক/লাইন ডাইরেক্টর (সকল) ............................................ পরিবার পরিকল্পনা অধিদপ্তর।
৩। পরিচালক, পরিবার পরিকল্পনা, ...................................................... বিভাগ (সংযুক্ত পত্রের নির্দেশনা মোতাবেক আপনার নিয়ন্ত্রণাধীন সকল জেলায় প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো)
৩। তত্ত্বাবধায়ক/পরিচালক/প্রকল্প পরিচালক, MCHTI, আজিমপুর, ঢাকা/MFSTC, মোহাম্মদপুর, ঢাকা/ MCHTI , লালকুঠি, মিরপুর, ঢাকা।
৪। অতিরিক্ত পরিচালক (ড্রাগস এন্ড স্টোরস), কেন্দ্রীয় পণ্যাগার, পরিবার পরিকল্পনা, মহাখালী, ঢাকা।
৫। উপপরিচালক, পরিবার পরিকল্পনা (সকল) ........................................জেলা (সংযুক্ত পত্রের নির্দেশনা মোতাবেক আপনার নিয়ন্ত্রণাধীন সকল উপজেলায় প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো)
৬। অধ্যক্ষ, পরিবার কল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণ প্রতিষ্ঠান, আজিমপুর, ঢাকা।
৭। সহকারী পরিচালক (প.প.)/(সিসি)/এমও, (সিসি), জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, ..........................জেলা।
৮। মেডিকেল অফিসার (ক্লিনিক), মা ও শিশু কল্যাণ কেন্দ্র, .......................................... ।
৯। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি)........................................... ।
১০। বৈশাখী চৌধুরী, সহকারী মেইন্টেনেন্স ইঞ্জিনিয়ার, এমআইএস ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

৩১/০৭/২০১৯
(মোঃ ইফতেখার রহমান)
উপপরিচালক (পার্সোনেল)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
প্রশাসন-১ শাখা।
www.mohfw.gov.bd

স্মারক নং-৫৯.০০.০০০০.১০৪.৯৯.০১২.১৯-৮০৮ তারিখঃ ৩০/০৭/২০১৯ খ্রি.

বিষয়: ডেঙ্গু নিয়ন্ত্রণ বিষয়ে ২৯ জুলাই, ২০১৯ তারিখ অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসঙ্গে

সূত্র: ৪৫.০০.০০০০.১৪০.৯৯.০০৬.১৭.১১২২ তারিখ: ২৯/০৭/২০১৯ খ্রি:

উপযুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ডেঙ্গু নিয়ন্ত্রণ বিষয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ে গত ২৯ জুলাই, ২০১৯ তারিখে অনুষ্ঠিত সভায় গৃহিত ১ নং সিদ্ধান্ত বাস্তবায়ন এবং ২ নং সিদ্ধান্তের কার্যক্রমসমূহ উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তার সাথে সমন্বয় করে বাস্তবায়ন নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে বিনীত অনুরোধ করা হলো।

সংযুক্তি: সভার কার্যবিবরণী-০২ (দুই) পাতা

(মো: আনোয়ার হোছাইন আকন্দ)
উপসচিব (প্রশাসন-১)
ফোন-৯৫৪৫৮২০
admin1@mefwd.gov.bd

বিতরণ:

১। মহাপরিচালক
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
৬,কাওরান বাজার, ঢাকা

২। মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর
শেরেবাংলানগর, ঢাকা
(আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠান সমূহে এ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা দিতে অনুরোধসহ)

৩। মহাপরিচালক
জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট(নিপোর্ট),
আজিমপুর, ঢাকা

অনুলিপি:

১। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
২। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
৩। যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ অধিশাখা

বিষয়ঃ ডেঙ্গু নিয়ন্ত্রণ বিষয়ে ২৯ জুলাই, ২০১৯ তারিখ বেলা ৪.১৫ ঘটিকায় অনুষ্ঠিত জরুরি সভার কার্যবিবরণীঃ

**সভাপতি :** **জনাব মোঃ আসাদুল ইসলাম, সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ,স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**তারিখ :** **২৯/০৭/২০১৯ খ্রিঃ**
**সময় :** **বেলা ৪:১৫ টা**
**স্থান :** **মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৩৩২, ভবন নং-৩, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)**

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সারাদেশে ডেঙ্গু ছড়িয়ে পড়ায় প্রতিরোধ ও চিকিৎসা ব্যবস্থা নিশ্চিত করার জন্য মনিটরিং জোরদারের লক্ষ্যে মন্ত্রণালয়ের কর্মকর্তাদের আরো তৎপর হওয়ার জন্য নির্দেশনা প্রদান করেন। ইতোমধ্যে স্বাস্থ্য সেবা বিভাগে ও স্বাস্থ্য অধিদপ্তরে সার্বক্ষণিক নিয়ন্ত্রণ কক্ষ চালু করা হয়েছে। নিয়ন্ত্রণ কক্ষের মাধ্যমে সারাদেশে ডেঙ্গু আক্রান্তদের পরিসংখ্যান গ্রহণ করা হচ্ছে এবং চিকিৎসার জন্য পরামর্শ প্রদান করা হচ্ছে। ইতোমধ্যে স্বাস্থ্য অধিদপ্তর হতে এ বিষয়ে বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা হয়েছে। বর্তমানে ডেঙ্গু আক্রান্ত রোগীর সংখ্যা বৃদ্ধি পাওয়ায় প্রতিরোধ এবং প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নলিখিত কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

১। স্বাস্থ্য সেবার কাজে নিয়োজিত সকল চিকিৎসক, নার্স ও অন্যান্য কর্মকর্তা কর্মচারীদের পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত ছুটি বাতিল ও কর্মস্থল ত্যাগ না করা।

২। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য)/সিভিল সার্জন (সকল)/পরিচালক/তত্ত্বাবধায়ক/উপজেলা স্বাস্থ্য পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল)-গণ নিম্নলিখিত কার্যক্রম গ্রহণ করবেনঃ

২.১. সংশ্লিষ্ট হাসপাতাল, সেবা কেন্দ্র, বাসস্থানসহ সংশ্লিষ্ট এলাকায় ডেঙ্গু বংশবিস্তারের স্থানগুলো পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা ও মশার ঔষধ ছিটানো এবং আক্রান্ত রোগীদের স্বাস্থ্য সেবা নিশ্চিত করবেন।
২.২. জনসচেতনতা সৃষ্টির জন্য মাইকিং/লিফলেট বিতরণ/ব্যানার-ফেস্টুন তৈরি করে সরবরাহ করবেন।
২.৩. সকল সরকারি ও বেসরকারি স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে যথাসময়ে রোগীর সেবা প্রদান নিশ্চিত করবেন।
২.৪. বেসরকারি স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান যাতে অতিরিক্ত ফি আদায় করতে না পারে সে বিষয়ে মনিটরিং করবেন।
২.৫. এ সকল কার্যক্রম পরিচালনার জন্য স্থানীয় জনপ্রতিনিধি, বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী অফিসারদের সাথে সমন্বয়সাধন করবেন।
২.৬. যারা ডেঙ্গু নিয়ে সরকারি বা বেসরকারি হাসপাতালে ভর্তি হবে তাদের নাম ঠিকানা, টেলিফোন নম্বর, ব্লাড গ্রুপসহ অন্যান্য বিবরণী হাসপাতাল কর্তৃপক্ষ রেকর্ড করবেন।

৩। সরকারি/বেসরকারি/শিক্ষা প্রতিষ্ঠান/ব্যক্তিগত অফিস ভবন/মার্কেট ভবন/বসতবাড়ি/ফ্লাট এবং আঙ্গিনা স্ব-স্ব উদ্যোগে পরিচ্ছন্নতা নিশ্চিত করার জন্য মাঠ প্রশাসনকে নির্দেশনা প্রদানের জন্য মন্ত্রিপরিষদ বিভাগকে অনুরোধ করা।

৪। ডেঙ্গু প্রতিরোধে বাস টার্মিনাল/রেল স্টেশন/নদী বন্দর/বিমানবন্দরসমূহে ঔষধ ছিটানসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহনের জন্য সিটি কর্পোরেশন/পৌরসভা/জেলা পরিষদ/উপজেলা পরিষদ/ইউনিয়ন পরিষদকে অনুরোধ করা।

৫। উপর্যুক্ত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে সহায়তা করার জন্য মাঠ প্রশাসনকে নির্দেশনা দেয়ার জন্য মন্ত্রিপরিষদ বিভাগকে অনুরোধ করা।

৬। উক্ত নির্দেশনা বাস্তবায়নের জন্য নিম্নলিখিত মনিটরিং টিম গঠন করা হলঃ

| ক্রমিক | কর্মসূচি | দায়িত্ব প্রাপ্ত বিভাগ/জেলা হাসপাতালসমূহ |
|---|---|---|
| ১. | ক) জনাব বাবলু কুমার সাহা, অতিরিক্ত সচিব (উন্নয়ন), স্বাস্থ্য সেবা বিভাগ<br>খ) জনাব তপন কুমার বিশ্বাস, যুগ্মসচিব (বেসরকারি স্বাস্থ্য ব্যবস্থাপান), স্বাস্থ্য সেবা বিভাগ<br>গ) জনাব মুহাম্মদ শাহাদত খন্দকার, উপসচিব (নির্মাণ), স্বাস্থ্য সেবা বিভাগ<br>ঘ) জনাব আজীম হোসেন, প্রশাসনিক কর্মকর্তা (মেরামত) | ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল<br>ও<br>রাজশাহী বিভাগ |
| ২. | ক) জনাব মোঃ হাবিবুর রহমান খান, অতিরিক্ত সচিব (প্রশাসন) স্বাস্থ্য সেবা বিভাগ<br>খ) উম্মে রেহানা, উপসচিব (পার-৩),স্বাস্থ্য সেবা বিভাগ<br>গ) বেগম শামীমা নাসরিন, উপসচিব (পার-১), স্বাস্থ্য সেবা বিভাগ<br>ঘ) বেগম রোকেয়া বেগম , উপসচিব (পার-৪)<br>ঙ) জনাব মোঃ রিয়াজুল ইসলাম, প্রশাসনিক কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ | শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতাল<br>ও<br>ময়মনসিংহ বিভাগ |
| ৩. | ক) জনাব মসিউর রহমান, অতিরিক্ত সচিব (আঃ ব্যঃ অঃ), স্বাস্থ্য সেবা বিভাগ<br>খ) জনাব মোঃ জাহাঙ্গীর হোসেন, যুগ্মসচিব (আঃ ব্যঃ অঃ), স্বাস্থ্য সেবা বিভাগ<br>গ) জনাব এসএম জাহাঙ্গীর হোসেন, সিনিয়র সহকারী সচিব (প্রবা-২), স্বাস্থ্য সেবা বিভাগ<br>ঘ) জনাব মোঃ শাখাওয়াত হোসেন, প্রশাসনিক কর্মকর্তা (প্রবা-২) | ৫০০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মুগদা, ঢাকা<br>ও<br>বরিশাল বিভাগ |
| ৪. | ক) জনাব পারভীন আক্তার, অতিরিক্ত সচিব (জনস্বাস্থ্য), স্বাস্থ্য সেবা বিভাগ<br>খ) ড. গোলাম মোঃ ফারুক, উপসচিব (জনস্বাস্থ্য-১),স্বাস্থ্য সেবা বিভাগ<br>গ) জনাব তানভির আহমেদ, উপসচিব (জনস্বাস্থ্য-২), স্বাস্থ্য সেবা বিভাগ<br>ঘ) জনাব মোহাম্মদ মুহল আমিন, ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ | ঢাকা শিশু হাসপাতাল<br>ও<br>খুলনা বিভাগ |

-১১৫-

| | | |
|---|---|---|
| ৫. | ক) জনাব মোহাম্মদ শাহাদত হোসেন, অতিরিক্ত সচিব (নার্সিং ও মিডওয়াফারি), স্বাস্থ্য সেবা বিভাগ<br>খ) জনব মোঃ শিব্বির আহমেদ ওসমানী, উপসচিব, স্বাস্থ্য সেবা বিভাগ<br>গ) বেগম মাকসুদা ইয়াছমিন, উপসচিব (নার্সিং-২)<br>ঘ) বেগম আনোয়ারা বেগম, প্রশাসনিক কর্মকর্তা (নার্সিং-১) | কুর্মিটোলা জেনারেল হাসপাতাল<br>ও<br>চট্টগ্রাম বিভাগ |
| ৬. | ক) জনাব মোঃ সাইদুর রহমান, অতিরিক্ত সচিব(বিশ্বস্বাস্থ্য), স্বাস্থ্য সেবা বিভাগ<br>খ) খন্দকার জাকির হোসেন, উপসচিব, স্বাস্থ্য সেবা বিভাগ<br>গ) জনাব মোঃ শাহাদত হোসেন কবির, সিনিয়র সহকারী সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ<br>ঘ) সৈয়দ ফরহাদ হোসন, প্রশাসনিক কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ | স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ হাসপাতাল<br>ও<br>সিলেট বিভাগ |
| ৭. | ক) জনাব মোঃ সিরাজুল ইসলাম, অতিরিক্ত সচিব (বাজেট), স্বাস্থ্য সেবা বিভাগ<br>খ) ড. মোঃ এনামুল হক, যুগ্মসচিব (বাজেট-১),স্বাস্থ্য সেবা বিভাগ<br>গ) জনাব মোঃ ছরোয়ার হোসেন, উপসচিব (ঔষধ প্রশাঃ-১) শাখা<br>ঘ) জনাব মঞ্জুর আহমেদ, প্রশাসনিক কর্মকর্তা (বাজেট) | সরকারি কর্মচারী হাসপাতাল<br>ও<br>রংপুর বিভাগ |
| ৮. | ক) জনাব মোহাম্মদ মাঈনউদ্দিন চৌধুরী, যুগ্মসচিব (মনিটরিং স্বাস্থ্য প্রতিষ্ঠান)<br>খ) জনাব মোঃ আবু রায়হান মিঞা, উপসচিব (সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১)<br>গ) বেগম উম্মে হাবিবা, সিনিয়র সহকারী সচিব (বেসরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১)<br>ঘ) জনাব মোঃ তোফায়েল আহমেদ, ব্যক্তিগত কর্মকর্তা (সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১) | বাংলাদেশ কুয়েত মৈত্রী হাসপাতাল, উত্তরা, ঢাকা<br>ও<br>ঢাকা বিভাগ |

৭। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ/-<br>
২৯-০৭-২০১৯<br>
(মোঃ আসাদুল ইসলাম)<br>
সচিব<br>
স্বাস্থ্য সেবা বিভাগ<br>
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

অনুমোদন

নং-৪৫.০০.০০০০.১৪০.৯৯.০০৬.১৭-১১২২ তারিখঃ ২৯/০৭/২০১৯ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, জননিরাপত্তা বিভাগ/সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। উপাচার্য (সকল), ............................................................ মেডিকেল বিশ্ববিদ্যালয়।
৫। অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ,স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৬। মহাপরিচালক (স্বাস্থ্য অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর/স্বাস্থ্য অর্থনীতি ইউনিট/নিপোর্ট/নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর/পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা (গৃহিত সিদ্ধান্ত অনুযায়ী মাঠ পর্যায় পর্যন্ত যথাযথ ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৭। যুগ্মসচিব/যুগ্মপ্রধান (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৮। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৯। পরিচালক/অধ্যক্ষ (সকল)............................................................
১০। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশলী অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
১১। উপসচিব/উপপ্রধান (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১৩। সিভিল সার্জন, গোপালগঞ্জ/ঢাকা/বাংলাদেশ সচিবালয় ক্লিনিক, ঢাকা।
১৪। সিভিল সার্জন/তত্ত্বাবধায়ক (সকল)............................................................
১৫। সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান/সহকারী সচিব/সহকারী প্রধান (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৭। চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
১৮। ওয়ার্কশপ ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা।

(শাহিনা খাতুন)
যুগ্মসচিব
ফোনঃ ৯৫৭৭৯৮৫
admin1@hsd.gov.bd